



“বোয়েসেল নৈতিক, নিরাপদ ও দক্ষ
অভিবাসন নিশ্চিত করে”

বাংলাদেশ ওভারসিজ এমপ্লয়মেন্ট অ্যান্ড সার্ভিসেস লিমিটেড (বোয়েসেল)
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়



“BOESL For Ethical, Safe and
Skilled Migration”

মালয়েশিয়ায় গমনেচ্ছু কর্মীদের জন্য সতর্কীকরণ বিজ্ঞপ্তি

[মালয়েশিয়ায় নিয়মিত শ্রমবাজার এখনো খোলেনি]

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ৩১শে মে, ২০২৪ তারিখের মধ্যে যে-সব বাংলাদেশি কর্মী সকল প্রক্রিয়া সম্পন্ন করার পর এবং ভিসার মেয়াদ থাকা সত্ত্বেও নানা জটিলতায় মালয়েশিয়ায় যেতে পারেননি, সে-সব তালিকাভুক্ত কর্মীগণকে সরকারি উদ্যোগে বোয়েসেল এর মাধ্যমে মালয়েশিয়ায় প্রেরণের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

এটি একটি বিশেষ উদ্যোগ। গত বছরে যেতে না পারা কেবলমাত্র ৭৮৭৩ জন তালিকাভুক্ত কর্মীর জন্য এ প্রক্রিয়া প্রযোজ্য। এ বিষয়ে যে কোন প্রকার বিভ্রান্তি এড়ানোর জন্য জনসাধারণকে সতর্ক করা হচ্ছে।

মালয়েশিয়ার শ্রমবাজার খুলে গেছে মর্মে কিছু অসাধু মহল বিভ্রান্তি ছড়িয়ে নিরীহ কর্মীদের কাছ থেকে অর্থ আদায়ের অপতৎপরতায় লিপ্ত হতে পারে। উল্লেখ্য, তালিকাভুক্ত কর্মীগণ নির্ধারিত সেক্টর (কনস্ট্রাকশন, ট্যুরিজম)-এ প্রশিক্ষণ গ্রহণপূর্বক সরকার নির্ধারিত অভিবাসন ব্যয় মাত্র ১,৬২,৫০০/- (এক লক্ষ বাষট্টি হাজার পাঁচশত) টাকায় শুধুমাত্র বোয়েসেল-এর মাধ্যমে মালয়েশিয়ায় গমন করবেন।

প্রয়োজনে যোগাযোগ: ০২-৫৮৩১১৮৩৮, ০২-৪৮৩১৯১২৫, ০২-৪৮৩১৭৫১৫, ০১৭৬৫৪১১৬৫৩ এবং প্রবাস বন্ধু কল সেন্টার ১৬১৩৫,
প্রবাসী কল্যাণ ভবন, ৭১-৭২, ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা-১০০০।

প্রচারে-বোয়েসেল কর্তৃপক্ষ